

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
মেহেন্দিগঞ্জ, বরিশাল  
www.mehendiganj.barishal.gov.bd

স্মারক নম্বর : ০৫.১০.০৬৬২.০০৮.০২.০১৮.২০২৩.৬৪৮

তারিখ : ০৪ জুলাই, ২০২৩

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে ০১ (এক) মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরী করার জাতীয় প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের (ক-গ্রুপ: প্রাথমিক ও সমপর্যায়, খ-গ্রুপ: মাধ্যমিক ও সমপর্যায়, গ-গ্রুপ: উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় এবং তদূর্ধ পর্যায়ের) ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রতিযোগিতার নিয়মাবলী:

- ক) ভিডিওটি প্রস্তুত করে ই-মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মেহেন্দিগঞ্জ, বরিশাল এর নিকট আগামী ১৬ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকবে;
- খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যে কোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- গ) ভিডিও ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯) অনুপাত করতে হবে;
- ঘ) ভিডিও ধারণের ক্ষেত্রে সময় ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- চ) ভিডিওটির বক্তব্য স্পষ্ট হতে হবে;
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার করা যাবে না;
- জ) ভিডিওটির ব্যাপ্তিকাল ০১ (এক) মিনিট হতে হবে;
- ঝ) ভিডিও সম্পাদনের সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টি কোন থেকে যথযথভাবে ভিডিও চিত্রটি উপস্থাপিত হয়;
- ঞ) ভিডিওটির মধ্যে প্রতিযোগির নাম, শ্রেণী, প্রতিষ্ঠানের নাম, উপজেলা ও জেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় যোগাযোগ করা যেতে পারে।

যোগাযোগের নম্বর: ০১৩১৮-২৫৬৩৩৭; ই-মেইল: unomehendiganj@mopa.gov.bd

(মোঃ নুরুন্নবী) ০৪/০৭/২৩

উপজেলা নির্বাহী অফিসার  
মেহেন্দিগঞ্জ, বরিশাল

মোবাইল নম্বর: ০১৩১৮২৫৬৩৩৭ (সরকারি)।

ইমেইল: [unomehendiganj@mopa.gov.bd](mailto:unomehendiganj@mopa.gov.bd)

অনুলিপি: অবগতি ও বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো:-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
- ০২। উপজেলা ----- অফিসার, মেহেন্দিগঞ্জ, বরিশাল।
- ০৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মেহেন্দিগঞ্জ, বরিশাল (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪-১৯। চেয়ারম্যান,----- ইউনিয়ন পরিষদ(সকল), মেহেন্দিগঞ্জ, বরিশাল।
- ২০। জনাব,-----
- 
- মেহেন্দিগঞ্জ, বরিশাল।
- ২১। অফিস কপি।